

আমার
মহাপাত্র
প্রতিষ্ঠানের
স্বার্থে
২৪/০৩/২৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/এমআইএস/আইসিটি শাখা/মাঠ পর্যায়ের ফাইল/২০২৩ /২(৫) তারিখ: ২৪.০৩.২০২৪ খ্রি.

বিষয়: HSP-MIS এ OTP নম্বর ব্যবহার করে পাসওয়ার্ড পুনরুদ্ধার প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক নিম্নরূপভাবে OTP নম্বর ব্যবহার করে Password পুনরুদ্ধারের জন্য অনুরোধ করা হলো।

Password ভুলে গেলে পুনরুদ্ধার করার নিয়মাবলী:

HSP-MIS এর লগইন পেইজ এ “পাসওয়ার্ড ভুলে গেছেন”-এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার “ইউজার আইডি/মোবাইল নম্বর” প্রদান করে OTP Send অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট ইউজার এর HSP-MIS এ প্রদত্ত/ ব্যবহৃত সংশ্লিষ্ট মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে OTP নম্বর প্রেরণ করা হয়। স্ক্রিনে প্রদর্শিত নিয়মাবলী অনুসরণপূর্বক উক্ত OTP নম্বর অনুযায়ী Password পুনরুদ্ধার করতে হয়। নতুন পাসওয়ার্ড দিয়ে HSP-MIS সফটওয়্যারে লগ-ইন করে উপরে ডান পাশে ইউজার নামের উপর ক্লিক করলে প্রদর্শিত ইউজার প্রোফাইলে “পাসওয়ার্ড পরিবর্তন”-এ ক্লিক করে ডান পাশে বক্সের ভিতরে লেখা নিয়মাবলী অনুযায়ী পাসওয়ার্ড তৈরী করতে হবে।

Password সংরক্ষণকরণ:

১। HSP-MIS একটি আর্থিক সফটওয়্যার বিধায় এর পাসওয়ার্ড সংরক্ষণের ক্ষেত্রে কঠোর গোপনীয়তা রক্ষা করতে হবে। কোনক্রমেই HSP-MIS এর Password দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা ছাড়া অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না। একই পাসওয়ার্ড দীর্ঘদিন ব্যবহার না করে মাঝে মাঝে পাসওয়ার্ড পরিবর্তন করে সর্বোচ্চ গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে।

২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ বিদ্যমান আইডি পাসওয়ার্ড দিয়ে HSP-MIS এ লগইন/পাসওয়ার্ড পুনরুদ্ধার করতে না পারলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের আবেদন উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশসহ স্কিম পরিচালক বরাবর mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে। উক্ত আবেদনের প্রেক্ষিতে আবেদনকৃত ই-মেইলের মাধ্যমে অস্থায়ী পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইলে প্রাপ্ত অস্থায়ী পাসওয়ার্ড দিয়ে HSP-MIS এ লগইন করে নিজস্ব আর্থিক গোপনীয় পাসওয়ার্ড তৈরী করে গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা
(সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০২। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ০৪। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৫। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
useonachole.chapai@gmail.com

স্মারক নং: ৩৭.০২.৭০৫৬.০০০.৯৯.০৯৯.২৪-৪৬৭


তারিখ: ২৪-০৩-২০২৪ খ্রিঃ।

সদয় অবগতি জন্য প্রেরিত হ'ল:

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার- কলেজ, স্কুল ও কলেজ, স্কুল ও মাদ্রাসা বিদ্যালয় (সকল)

.....
সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২। অফিস কপি।


(মোঃ দুলাল উদ্দিন খান)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।